

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সাক্ষাতের সৌভাগ্য লাভ করলো মজলিস খোন্দামুল আহমদীয়া গাম্বিয়া



হুযূর আকদাসের সঙ্গে মজলিস খোন্দামুল আহমদীয়ার ন্যাশনাল আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ)-এর আনুষ্ঠানিক সভা

২৩ মে ২০২১ মজলিস খোন্দামুল আহমদীয়া (১৫-৪০ বছর বয়সী আহমদী তরুণ-যুবকদের অঙ্গ-সংগঠন) গাম্বিয়ার ন্যাশনাল মজলিসে আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ) সদস্যদের সঙ্গে এক ভার্চুয়াল (অনলাইন) সভা করেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্খা মসরুর আহমদ (আই.)।

হুযূর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে এ সভার সভাপতিত্ব করেন, আর আমেলা সদস্যগণ বানজুলে এমটিএ ইন্টারন্যাশনাল গাম্বিয়া স্টুডিওস থেকে অনলাইনে যোগদান করেন।

ধর্মীয় শিক্ষার দায়িত্বে নিয়োজিত মোহতামীম তালীমের সাথে কথা বলতে গিয়ে হুযূর আকদাস বলেন যে, নির্দিষ্ট কিছু ধর্মীয় বই খোন্দামের পাঠ্য হিসেবে নির্ধারণ করা উচিত।

খোন্দামের নৈতিক ও আধ্যাত্মিক প্রশিক্ষণের দায়িত্বে নিয়োজিত মোহতামীম তরবীয়তের উদ্দেশ্যে হুযূর আকদাস বলেন যে, তার নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করা উচিত, যেন নিশ্চিত করা যায় যে, ক্রমাগত অধিক সংখ্যক খোন্দাম নিয়মিত নামায আদায় করছেন, পবিত্র কুরআন তেলাওয়াত করছেন, মসীহ মওউদ (আ.)-এর বইসমূহ পাঠ করছেন এবং অন্যান্য ধর্মীয় কর্মকাণ্ডে অংশ নিচ্ছেন।

হুযূর আকদাস বলেন, কার্যকর পরিকল্পনার জন্য এটি আবশ্যিক যে, সঠিক তথ্য যেন সংগৃহীত থাকে, যেন খোন্দামের অবস্থা অনুধাবন করা যায় এবং তার ভিত্তিতে উন্নতির জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যায়। হালনাগাদ তথ্য ছাড়া এবং সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা ছাড়া যথাযথভাবে বিচার করা সম্ভব নয় যে, কারো উদ্দেশ্য অর্জিত হচ্ছে কিনা।



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“যতক্ষণ আপনার হাতে তথ্য থাকবে না, আপনি জানবেন না বর্তমান পরিস্থিতি কী, আপনি কোথায় দাঁড়িয়ে আছেন এবং আপনার লক্ষ্যমাত্রা কী হওয়া উচিত, বা আপনি কী অর্জন করতে চলেছেন।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরো বলেন:

“আপনাকেই নিজের ওপর চাপ দিতে হবে। (কঠোর পরিশ্রম করার জন্য) বাইরে থেকে কেউ এসে আপনাকে ধাক্কা দিয়ে যাবে না। আপনাকে নিজেই নিজের ওপর চাপ দিতে হবে। যদি তরবিয়ত বিভাগ সক্রিয় হয়ে যায়, তাহলে অন্যান্য বিভাগও সক্রিয় হবে এবং আপনারা আপনাদের খোন্দামের মাঝে এক বড় পরিবর্তন দেখতে পাবেন। তারা জামা'তের সাথে আরো বেশি সংযুক্ত হবেন, তাদের মনোভাব সহযোগিতাপূর্ণ হবে, মসজিদে আসতে থাকবেন, আন্নাহ্ তা'লার সাথে ব্যক্তিগত সম্পর্ক গড়ে তোলার চেষ্টায় রত থাকবেন, আর বহু বদঅভ্যাস পরিত্যাগ করতে থাকবেন।”

ছাত্র সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মোহতামীম উমূরে তোলাবাকে খোন্দামের পেশা বেছে নেওয়ার বিষয়ে পরামর্শ দিতে গিয়ে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“অধিক সংখ্যায় খোন্দামকে চিকিৎসাশাস্ত্র, বিজ্ঞান এবং গবেষণার ক্ষেত্রসমূহে যাওয়ার জন্য উৎসাহিত করুন।”





মোহতামীম উমূরে তোলাবা উল্লেখ করেন যে, কিছু ছাত্র কৃষি এবং শিক্ষা বিষয়ে পড়াশোনা করছেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“কৃষিও ভালো বিষয়, আর শিক্ষা এবং আইনও ভালো বিষয়।”

মজলিস খোদামুল আহমদীয়ার সদরের (জাতীয় সভাপতি) সাথে কথা বলতে গিয়ে, রিপোর্ট প্রদান এবং এর ওপর (কেন্দ্র থেকে) পর্যালোচনামূলক মতামত প্রদানের গুরুত্বের ওপর আলোকপাত করে হুযূর আকদাস পরামর্শ দেন যে, তার নিশ্চিত করা উচিত যেন স্থানীয় মজলিসগুলো থেকে আগত রিপোর্টসমূহ নিয়মিত দেখা হয় এবং পর্যালোচনামূলক মতামত সহকারে এগুলোর প্রাপ্তি স্বীকার করা হয়। হুযূর আকদাস বলেন, এটি অত্যাবশ্যিক যে, গাম্বিয়ায় মজলিস খোদামুল আহমদীয়ার স্থানীয় মজলিসগুলোর সাথে জাতীয় পর্যায়ের কর্মকর্তাদের নিয়মিত এবং ঘনিষ্ঠ যোগাযোগ যেন বজায় থাকে।

সভার শেষাংশে অংশগ্রহণকারীদের একজন জানতে চান তবলীগের (প্রচার) কাজে সামাজিক যোগাযোগ-মাধ্যমের কীভাবে সর্বোত্তম ব্যবহার করা যায়।

উত্তরে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“পবিত্র কুরআন, মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর হাদীস এবং মসীহ মওউদ (আ.)-এর লেখনী থেকে শক্তিশালী সহায়ক উদ্ধৃতিসমূহ পোস্ট করার মাধ্যমে তবলীগের কাজে সামাজিক যোগাযোগ-মাধ্যম ব্যবহার করা যেতে পারে। বিভিন্ন ধরনের মানুষের মনে বিভিন্ন প্রভাব থাকে।”

উস্কানি বা গালমন্দের ক্ষেত্রে ধীর-স্থির থাকা এবং প্রতিক্রিয়া প্রকাশ না করার নির্দেশনা প্রদান করে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“যদি অন্য কেউ আপনার বিরুদ্ধে নোংরা বা অবমাননাকর ভাষা ব্যবহার করে, বা তারা যদি যথাযথ নৈতিক পদ্ধতি অনুসরণ না করে, তবে কখনো প্রতিক্রিয়া প্রকাশ করবেন না — সেই ব্যক্তিতে ছেড়ে দিন। সুতরাং সতর্ক থাকুন — যদি ফেসবুক এবং অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে তবলীগ করতে চান, তবে তা নৈতিক ও উত্তম শিক্ষার সকল নীতি অনুসরণ করে করুন এবং তাদের কাছে পবিত্র কুরআন, মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর হাদীস এবং মসীহ মওউদ (আ.)-এর শিক্ষাবলী পৌঁছে দিন।”